দৈনিক সংবাদ

তারিখ ..12 JUL 1994..

পৃষ্ঠা 12 কলাম 2

26

জগন্নাথ কলেজ থেকে পরীক্ষা কেন্দ্র স্থানান্তরের প্রতিবাদ

# ছাত্রদের মিছিল সমাবেশ অবরোধ গাড়ি ভাঙচুর

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক মাস্টার্স প্রথম পর্ব পরীক্ষার কেন্দ্র জগন্নাথ কলেজ থেকে স্থানান্তরের প্রতিবাদে কলেজের ছাত্ররা গতকাল সোমবার মিছিল, সমাবেশ, রাস্তা অবরোধ ও ২৫/৩০টি গাড়ি ভাঙচুর করেছে।

প্রত্যক্ষদর্শী ছাত্ররা জানান, গতকাল সকাল ১১ টায় জগন্নাথ কলেজের শত শত ছাত্রছাত্রী জাতীয় বিশ্ববিদ্যালয় মাস্টার্স প্রথম পর্ব পরীক্ষার কেন্দ্র কলেজ থেকে স্থানান্তরের প্রতিবাদে ক্লাস বর্জন করে বাইরে বেরিয়ে আসে। তারা পরীক্ষার কেন্দ্র স্থানান্তরের প্রতিবাদে মিছিল করতে থাকে। এক পর্যায়ে তারা কলেজ ক্যাম্পাস থেকে রাস্তায় বেরিয়ে পড়ে। তারা এসময় ২৫/৩০টি গাড়ি ভাঙচুর করে। পুলিশ এবং বিভিন্ন ছাত্র সংগঠনের নেতৃবৃন্দের হস্তক্ষেপে পরিস্থিতি শান্ত হবার পর ছাত্রছাত্রীরা রাস্তার ওপর বসে পড়ে। ফলে যানবাহন চলাচল বন্ধ হয়ে যায়।

পরে সর্বদলীয় ছাত্রঐক্য আয়োজিত এক সমাবেশে বক্তৃতা করেন জাতীয়তাবাদী ছাত্রদলের নেতা আবদুল রশিদ মন্টু, আবদুল খালেক ও শামসুল আলম সুরুজ, ছাত্রলীগের নেতা হেদায়েতুল ইসলাম স্বপন এবং ছাত্র ইউনিয়নের নেতা এ, কে, এম বাকিবিল্লাহ।

## আজকের কর্মসূচি

সকাল ১১ টায় সর্বদলীয় ছাত্রঐক্যের আহ্বানে কোর্ট ভবনের সামনে সড়ক অবরোধ ও সমাবেশ অনুষ্ঠিত হবে।